

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৭২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. তৃতীয় অনুচ্ছেদ - কুরবানী

আরবী

عَن جُنْدُب بن عبد الله قَالَ: شَهِدْتُ الْأَصْحَى يَوْمَ النَّحْرِ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمْ يَعْدُ أَن صلى وَفرغ من صلاته وَسلم فَإِذا هُوَ يرى لَحْمَ أَضَاحِي قَدْ ذُبِحَتْ قَبْلَ أَنْ يُصَلِّي أَوْ نُصَلِّي فَلْيَذْبَحْ مَكَانَهَا قَبْلَ أَنْ يُصَلِّي أَوْ نُصَلِّي فَلْيَذْبَحْ مَكَانَهَا قَبْلَ أَنْ يُصَلِّي أَوْ نُصَلِّي فَلْيَذْبَحْ مَكَانَهَا أَخْرَى» . وَفِي رِوَايَةٍ: قَالَ صَلَّى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ النَّحْرِ ثُمَّ خَطَبَ ثُمَّ ذَبَحَ وَقَالَ: «مَنْ كَانَ ذَبَحَ قَبْلَ أَنْ يُصَلِّي فَلْيَذْبَحْ أُخْرَى مَكَانَهَا وَمَنْ لَمْ يَذْبَحْ فليذبح باسم الله»

বাংলা

১৪৭২-[২০] জুনদুব ইবনু 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক কুরবানীর ঈদে আমি রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে উপস্থিত ছিলাম। (আমি দেখলাম) তিনি সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করলেন এবং সালাম ফিরায়ে সালাত হতে অবসর হওয়া ছাড়া আর কিছু করলেন না। এ সময় তিনি কিছু কুরবানীর মাংস (মাংস/গোসত) দেখলেন, যা সালাত আদায়ের পূর্বেই যাবাহ করা হয়েছিল। তিনি তখন বললেন, যে সালাত আদায়ের আগে বর্ণনাকারীর সন্দেহ কুরবানীর পশু যাবাহ করছে সে যেন অন্য একটি কুরবানী করে নেয়।

আর এক বর্ণনায় আছে, জুনদুব বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর দিন সালাত আদায় করলেন। তারপর ভাষণ প্রদান করলেন। এরপর কুরবানীর পশু যাবাহ করলেন এবং বললেন, যে ব্যক্তি সালাত আদায়ের আগে কুরবানীর পশু যাবাহ করেছে সে যেন আর একটি পশু যাবাহ করে। আর যে যাবাহ করেনি সে যেন আল্লাহর নামে যাবাহ করে। (বুখারী, মুসলিম)[1]

ফটনোট

[1] সহীহ: বুখারী ৯৮৫, ৫৫০০, মুসলিম ১৯৬০।



ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস প্রমাণ করে কুরবানীর সময় হল ইমামের সালাত আদায়ের পরে অন্য কারও সালাত (সালাত/নামায/নামাজ) আদায়ের পরে না। এ বিষয়ে ইতিপূর্বে আলোচনা গেছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন